



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
তথ্য ও গণসংযোগ বিভাগ
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



শোক বার্তা

৩০ এপ্রিল ২০২২

সাবেক অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের মৃত্যুতে বাউবি উপাচার্যের শোক।



সাবেক অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক অর্থমন্ত্রী ও বাংলাদেশ আওয়ামী লীগের উপদেষ্টা মঞ্জুরী সদস্য আবুল মাল আবদুল মুহিতের মৃত্যুতে বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার গভীর শোক প্রকাশ করেছেন। তিনি মরহুমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন এবং শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান। উপাচার্য বলেন, আবুল মাল আবদুল মুহিত অর্থনীতিবিদ, রাজনীতিবিদ ও লেখক হিসেবে সকলের ভালবাসা ও শ্রদ্ধা অর্জন করেছিলেন। তাঁর মৃত্যুতে দেশ ও জাতি একজন সফল অর্থনীতিবিদ ও রাজনীতিবিদ হারালো যার শূন্যতা অপূরণীয়। সৈয়দ হুমায়ুন আখতার আরো বলেন, ভাষা আন্দোলন, বাংলাদেশের মুক্তি সংগ্রাম ও বাংলাদেশের উন্নয়ন অগ্রযাত্রায় আবুল মাল আবদুল মুহিত স্মরণীয় হয়ে থাকবেন।

সাবেক অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের মৃত্যুতে বাউবি প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন ও ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল গভীর শোক প্রকাশ করেন এবং মরহুমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন।

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)
পরিচালক (ভারপ্রাপ্ত)